

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

Email: dirpe@dnc.gov.bd, website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

২৯ পৌষ ১৪২৬

স্মারক নম্বরঃ ৫৮.০৪.০০০০.০০৭.০০০.০৩৫.১২- ৫৩

তারিখ :.....

১৩ জানুয়ারি ২০২০

বিষয়ঃ জেলা ও উপজেলা পর্যায়ে ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালনের ছবিসহ তথ্য প্রেরণ।

সূত্রঃ মহাপরিচালক মহোদয়ের মৌখিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ০২ জানুয়ারি ২০২০ তারিখ জেলা ও উপজেলা পর্যায়ে অত্র অধিদপ্তরের ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী পালনের ক্যাপশনসহ ছবি ও তথ্যাদি বিগত ০৯/০১/২০২০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য টেলিফোনে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি এতদবিষয়ক কোন প্রতিবেদন প্রেরণ না করায় মহাপরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করা সম্ভব না হওয়ায় তিনি চরম অসন্তোষ ব্যক্ত করেছেন। পরবর্তীতে বিশেষ বিবেচনায় আগামী ১৬/০১/২০২০ তারিখের মধ্যে জেলা ও উপজেলার ছবিসহ তথ্যাদি বিভাগভিত্তিক সন্নিবেশিত করে প্রেরণের জন্য সর্বশেষ বারের মত সময় প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, আপনার বিভাগীয় কার্যালয়ের অধীনস্থ জেলা ও উপজেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের ক্যাপশন সম্বলিত ছবিসহ প্রতিবেদন দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিতমতে তথ্যাদি পাওয়া না গেলে সে প্রেক্ষিতে পরবর্তীতে কোনরূপ জটিলতা সৃষ্টি হলে তার দায়দায়িত্ব নিম্নস্বাক্ষরকারী কোনভাবেই গ্রহন করবে না। আরো উল্লেখ্য, কোন জেলা বা উপজেলা থেকে বর্ণিতমতে প্রতিবেদন পাওয়া না গেলে তা উল্লেখপূর্বক প্রতিবেদন আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করবেন।

অতিরিক্ত পরিচালক  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
বিভাগীয় কার্যালয়  
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রাজশাহী  
সিলেট/রংপুর/ময়মনসিংহ।

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)  
পরিচালক (নিরোধ শিক্ষা)  
ফোনঃ ০২-৪৮৩২২১৭০।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :

- ০১। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০২। সহকারী পরিচালক (বোর্ড), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ০৩। অতিরিক্ত মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।